# শৈশবকালীন টিকাদান: প্রায়শই জিজ্ঞাসিত প্রশ্ন

এখানে কিছু সাধারণভাবে জিজ্ঞাসিত প্রশ্ন রয়েছে যা আপনার সন্তানের টিকা দেওয়ার এপোয়েন্টমেন্টে যাওয়ার আগে পড়া দরকারী হতে পারে।

**টিকা (ভ্যাকসিন) দেওয়ার পরে আমার সন্তানের কি জ্বর হওয়ার সম্ভাবনা রয়েছে?**

কিছু শিশু কিছুটা অস্থির হতে পারে এবং সামান্য জ্বর বিকাশ করতে পারে, যা 2 দিনের বেশি স্থায়ী হওয়া উচিত নয়।

- তাদের প্রচুর পরিমাণে পান করতে দিন
- প্রয়োজনে তাদের তরল প্যারাসিটামল দিন

দ্রষ্টব্য: ডাক্তারের পরামর্শ ছাড়া 16 বছরের কম বয়সী বাচ্চাদের অ্যাসপিরিন (aspirin) দেবেন না

**শিশুদের কেনো নির্দিষ্ট টিকা প্রয়োজন?**

শৈশবকালীন টিকাগুলি অনেকগুলি গুরুতর রোগের বিরুদ্ধে সুরক্ষা প্রদান করে এবং সময়সূচীটি সেই সময়ে সর্বোত্তম সম্ভাব্য সুরক্ষা প্রদান করার জন্য নির্ধারণ করা হয়েছে যেখানে এটি সবচেয়ে কার্যকর হবে।

**যুক্তরাজ্য কেনো অন্যান্য দেশের চেয়ে আলাদা?**

বিশ্বের বেশিরভাগ দেশ কচিবাচ্চা, শিশু এবং প্রাপ্তবয়স্কদের জন্য একই ভ্যাকসিন প্রদান করে। পার্থক্যের প্রধান কারণ হলো কিছু সংক্রামক রোগ কেবলমাত্র নির্দিষ্ট দেশগুলিকে অন্যদের চেয়ে বেশি প্রভাবিত করে এবং নতুন ভ্যাকসিন প্রদানের জন্য স্বাস্থ্য সেবার ক্ষমতা পরিবর্তিত হয়।

**যদি ভ্রমণ করে, তবে বাচ্চাদের কি আরও টিকা প্রয়োজন হবে?**

কোন দেশে ভিজিটে যাচ্ছে এবং শিশুটি যে ক্রিয়াকলাপের সাথে জড়িত হবে তার উপর নির্ভর করে অতিরিক্ত ভ্যাকসিনের প্রয়োজন হতে পারে। ভ্রমণের পরিকল্পনা করার আগে দয়া করে আপনার প্রেকটিস নার্স বা ডাক্তারের সাথে কথা বলুন।

**এমএমআর কি অটিজমের কারণ হতে পারে?**

গবেষণাগুলি এমএমআর ভ্যাকসিন এবং অটিজমের মধ্যে সম্পর্কের কোনও প্রমাণ দেখায়নি।

**ভ্যাকসিনগুলিতে কী রয়েছে এবং সেগুলি কি নিরাপদ?**

ভ্যাকসিনে বেশ কয়েকটি বিভিন্ন উপাদান রয়েছে যা নিশ্চিত করে যে সেগুলি কার্যকরভাবে কাজ করতে পারে। কিছু ভ্যাকসিনে খুব অল্প পরিমাণে ভাইরাস বা ব্যাকটিরিয়া থাকে যা দুর্বল হয়ে পড়েছে। ভ্যাকসিন থেকে সুস্থ মানুষের কোনো রোগে আক্রান্ত হওয়ার ঝুঁকি থাকে না।

একটি ভ্যাকসিনের উপাদানগুলি নিরাপদ এবং মেডিসিন এবং হেলথকেয়ার রেগুলেটরি এজেন্সি (এমএইচআরএ) দ্বারা নিয়ন্ত্রিত হয়।

**ভ্যাকসিনগুলিতে কোনো শুয়োরের মাংসের জেলেটিন রয়েছে কী?**

যুক্তরাজ্যে দুটি শৈশবকালীন ভ্যাকসিন ব্যবহৃত হয় যার মধ্যে জেলেটিন থাকে: অনুনাসিক (ন্যাজাল) ফ্লু এবং এমএমআর (এমএমআরভ্যাক্সপ্রো)। অনুনাসিক তথা ন্যাজাল স্প্রে ফ্লু ভ্যাকসিন হলো একটি সূক্ষ্ম কুয়াশা যা নাকের ভিতর স্প্রে করা হয় (কোনও সুই নেই) এবং 2 বছর বা তার বেশি বয়সের বাচ্চাদের জন্য ফ্লুর বিরুদ্ধে সর্বোত্তম সুরক্ষা। যদি আপনার শিশু ফ্লু ভ্যাকসিনের জন্য যোগ্য হয় কিন্তু আপনি আপনার শিশুকে ন্যাজাল স্প্রে-র পরিবর্তে একটি ইনজেকশননির্ভর ভ্যাকসিন নিতে পছন্দ করেন তবে আপনি এই সম্পর্কে আপনার জিপিকে জিজ্ঞাসা করতে পারেন। দুটি এমএমআর ভ্যাকসিন উপলব্ধ রয়েছে, একটিতে জেলেটিন (এমএমআরভ্যাক্সপ্রো) (MMRVaxPro) রয়েছে এবং অন্যটিতে (প্রাইরিক্স) (Priorix) নেই। আপনি আপনার শিশুকে জেলেটিনমুক্ত ভ্যাকসিন দেওয়ার জন্য অনুরোধ করতে পারেন, আপনার জিপিকে জিজ্ঞাসা করলেই হবে।

**একটি শিশুর জন্য একদিনে একাধিক টিকা নেওয়া কি নিরাপদ (উদাহরণস্বরূপ, 2 মাস বয়সে, তিনটি ভ্যাকসিন প্রয়োজন)**
হ্যাঁ, শিশুদের একই সময়ে বেশ কয়েকটি ভ্যাকসিন দেওয়া নিরাপদ, এবং এটি তাদের প্রয়োজনীয় ইনজেকশনের সংখ্যাও হ্রাস করে।

**বাচ্চা বড় না হওয়া পর্যন্ত টিকা না দেয়া কি ঠিক?**
এরূপ পরামর্শ দেওয়া হয় না, কারণ টিকাদানের সময়সূচীটি এমনভাবে সাজানো হয়েছে যাতে আপনার শিশুকে এমন সময়ে টিকা দেওয়া হবে যখন প্রতিটি ভ্যাকসিন সবচেয়ে কার্যকর হবে। কচিশিশু এবং ছোট বাচ্চারা রোগের জন্য সবচেয়ে ঝুঁকিপূর্ণ এবং আপনি আপনার শিশুকে টিকা দেওয়ার জন্য যত বেশি সময় অপেক্ষা করবেন, তাদের এই রোগে আক্রান্ত হওয়ার এবং অসুস্থ হওয়ার সম্ভাবনা তত বেশি।

**শিশুর নাক দিয়ে পানি পড়া বা সর্দি লাগলে টিকা নেওয়া কি নিরাপদ?**
যদি আপনার সন্তানের কাশি / সর্দি থাকে তবে টিকা এপোয়েন্টমেন্ট স্থগিত করার কোনও কারণ নেই।
যদি কোনও শিশু জ্বরে অসুস্থ হয় তবে সে ভালো না হওয়া পর্যন্ত সাধারণত টিকা দেওয়া স্থগিত করা হবে। অন্যথায়, এটি খুব বিরল যে কোনও শিশু টিকা নিতে অক্ষম।
আপনার সন্তান টিকাদানের সময়সূচীতে সমস্ত ভ্যাকসিন গ্রহণ করতে সক্ষম কিনা তা নিয়ে আপনি যদি উদ্বিগ্ন হন তবে দয়া করে আপনার স্বাস্থ্য পরিদর্শক (হেলথ্ ভিজিটর), প্রেকটিস নার্স বা জিপির সাথে কথা বলুন।

**বিসিজি টিকা দেওয়ার ঠিক আগে বা পরে অন্যান্য ভ্যাকসিন নেওয়া কি নিরাপদ?**
বিসিজি (BCG) ভ্যাকসিন টিকা দেওয়ার রুটিন সময়সূচীর অংশ নয়, এটি দেওয়া হয় যখন কোনও শিশু বা প্রাপ্তবয়স্কের টিবির সংস্পর্শে আসার ঝুঁকি রয়েছে বলে মনে করা হয়।
একই দিনে বা সাম্প্রতিক বিসিজি টিকা দেওয়ার পরে অন্যান্য ভ্যাকসিন নেওয়া নিরাপদ।

**রোটাভাইরাস (Rotavirus) ভ্যাকসিন গ্রহণের সময় কি গুরুত্বপূর্ণ?**
এটি গুরুত্বপূর্ণ যে রোটারিক্সের (Rotarix) প্রথম ডোজ তথা মাত্রাটি যেনো দুই মাস বয়সে দেওয়া হয়, প্রথম ইনফ্যান্ট ভ্যাকসিনের সাথে। দ্বিতীয় ডোজটি প্রথম ডোজের কমপক্ষে চার সপ্তাহ পরে দেওয়া হয়, দ্বিতীয় ইনফ্যান্ট ভ্যাকসিনের সাথে।
রোটাভাইরাস ডোজ (প্রথম বা দ্বিতীয়) 23 সপ্তাহ এবং 6 দিন বয়সের পরে দেওয়া যাবে না, তাই আপনার সন্তান সম্পূর্ণরূপে সুরক্ষিত তা নিশ্চিত করার জন্য এপোয়েন্টমেন্ট পেলে সেটিতে আপনি উপস্থিত হওয়া গুরুত্বপূর্ণ।

**আমার যদি সূঁচের ভয় থাকে তবে কেউ কি শিশুকে ধরে রাখতে বা সহায়তা করতে পারে?**
হ্যাঁ, আপনি যদি চান তবে আপনি কোনও নার্স বা কর্মীদের অন্য কোনও সদস্যকে আপনার সন্তানকে আপনার জন্য ধরে রাখতে বলতে পারেন।

**যদি আমার যমজ সন্তান থাকে তবে কেউ কি সাহায্য করতে পারে?**
হ্যাঁ, আপনি কোনও নার্স বা কর্মীদের অন্য কোনও সদস্যকে সাহায্যের জন্য জিজ্ঞাসা করতে পারেন।

**যদি এমন কিছু থাকে যা আপনি আরও বিস্তারিতভাবে আলোচনা করতে চান, তবে আপনার সাথে কথা বলার কইথা আপনার স্বাস্থ্য পেশাদারকে জিজ্ঞাসা করতে দয়া করে দ্বিধা করবেন না, যদি আপনার আর কোনও প্রশ্ন বা উদ্বেগ থেকে থাকে।**

**আপনি স্বাস্থ্য বোর্ডের ওয়েবসাইটে শৈশবকালীন টিকাদান সম্পর্কে আরও তথ্য পেতে পারেন:** https://cavuhb.nhs.wales/childhood-immunisations/

অথবা আপনার ফোন দিয়ে এই কোডটি স্ক্যান করুন:

এই ডকুমেন্টটি ওয়েলশ ভাষায় পাওয়া যায় / **Mae’r ddogfen hon ar gael yn Gymraeg**